গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৮.১৪.০৯৫.২০২১/ ১২১০

তারিখঃ ৬ /০৪/১৪২৯ বঙ্গাব্দ
১৮/০৭/২০২২ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

বিষয়: বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জন্য সিনিয়র স্টাফ নার্স, মিডওয়াইফদের নামের তালিকা প্রেরণের আহবান।

উপর্যুক্ত বিষয়ের অলোকে জানানো যাচ্ছে যে, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন নার্সিং ও মিডওয়াইফারি এডুকেশন এন্ড সার্ভিসেস শীর্ষক অপারেশনাল প্লানের অর্থায়নে ২০২২-২০২৩ অর্থ বছরে Pediatric nursing, Intensive Care Nursing (ICU), Infection Controll and Waste Management, নতুন নিয়োগকৃত নার্স ও মিডওয়াইফদের ওরিয়েন্টেশন (Orientation), প্রশিক্ষণ প্রদান করা হবে। এমতাবস্থায়, , যারা ট্রেনিং করতে ইচ্ছুক এবং স্ব স্ব বিষয়ে ইতিপূর্বে যারা প্রশিক্ষণ গ্রহণ করেননি তাদের নামের তালিকা আগামী ০৫(পাঁচ) কর্ম দিবসের মধ্যে আবশ্যিক ভাবে ই-মেইল যোগে (trainingdgnm@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য ২০১৩ সালের নিয়োগ প্রাপ্ত যে সকল সিনিয়র স্টাফ নার্সগণ ওরিয়েন্টেশন (Orientation) প্রশিক্ষণে রিসোঁস পারসন হিসাবে নির্বাচিত হয়েছেন তাদেরকে আবেদন না করার জন্য অনুরোধ করা হল।

**১। সিনিয়র স্টাফ নার্স:**

| ক্রঃ নং | নাম | পিতার নাম | ইউনিক আইডি | মোবাইল নং | চাকুরীতে যোগদানের সাল |
|---|---|---|---|---|---|
| | | | | | |

**২। মিডওয়াইফ:**

| ক্রঃ নং | নাম | পিতার নাম | ইউনিক আইডি | মোবাইল নং | চাকুরীতে যোগদানের সাল |
|---|---|---|---|---|---|
| | | | | | |

২। উল্লেখ্য যে, কোন প্রতিষ্ঠান উল্লেখিত সময়ের মধ্যে সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফগণের নামের তালিকা প্রেরণ করতে ব্যর্থ হলে তাদেরকে প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করা হবে না। বিষয়টি অতিব জরুরি।

**প্রশিক্ষণের জন্য নামের তালিকা প্রেরণের শর্তাবলী:**

১. প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী থাকতে হবে;
২. প্রশিক্ষণ গ্রহণের পর সংশ্লিষ্ট বিভাগে কাজ করতে বাধ্য থাকিবেন;
৩. প্রার্থীগণ বর্তমানে কোন ইউনিটে কাজ করেন তা উল্লেখ করতে হবে;
৪. ২০১৩, ২০১৬, ২০১৮, ২০২০ ও ২০২১ সালের নিয়োগ প্রাপ্ত যে সকল সিনিয়র স্টাফ নার্স, মিডওয়াইফগণ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (ডিজিএনএম) অথবা নির্পোট কর্তৃক আয়োজিত ওরিয়েন্টেশন (Orientation) প্রশিক্ষণ গ্রহণ করেননি তারা ওরিয়েন্টেশন (Orientation) ট্রেনিং এর আওতাভুক্ত হবেন;
৫. Pregnancy, Cancer অথবা অন্য কোন দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত নার্স, মিডওয়াইফগণের তালিকা প্রেরণের না করার জন্য অনুরোধ করা হল;'
৬. ইতিপূর্বে যারা যে কোন একটি বিষয়ে বিশেষায়িত ট্রেনিং করেছেন তারা কোন ধরনের বিশেষায়িত ট্রেনিং এর জন্য আবেদন না করার জন্য অনুরোধ করা হল, এবং এই বিষয়ে কোন ধরনের ডুপ্লিকেশান পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকিবেন।

১১

১৮/০৭/২০২২

শিরিন আখতার
(উপসচিব)
পরিচালক (অর্থ ও বাজেট)
ও
প্রোগ্রাম ম্যানেজার
নার্সিং ও মিডওয়াইফারি এডুকেশন এন্ড সার্ভিসেস
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
email- info@dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৮.১৪.০৯৫.২০২১/ ১২৭০/৩১১ তারিখঃ ৬/০৪/১৪২৯ বঙ্গাব্দ
২৮/০৭/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব (স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপসচিব, পরিকল্পনা শাখা-২, স্বাস্থ্যশিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,ঢাকা ।
৪. পরিচালক........................................................................................................।
৫. সিভিল সার্জন/ তত্ত্বাবধায়ক ..................................................................।
৬. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ----------------------------------------(সংশ্লিষ্ট সকল)
৭. বিভাগীয় সহকারী পরিচালক (নার্সিং)....................................................................।
৮. সেবাতত্ত্বাবধায়ক/উপসেবাতত্ত্বাবধায়ক/জেলা পাবলিক হেলথ নার্স...................................................
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা ।
১০. পি এম আই এস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১১. জনাব.........................................................................................

২৮/০৭/২০২২

প্রোগ্রাম ম্যানেজার
নার্সিং ও মিডওয়াইফারি এডুকেশন এন্ড সার্ভিসেস
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।